# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৫৭২

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا دَخَلْتُمْ عَلَى الْمَرِيضِ فَنَفِّسُوا لَهُ فِي أَجَلِهِ فَإِنَّ ذَلِكَ لَا يَرُدُّ شَيْئًا وَيُطَيِّبُ بِنَفْسِهِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

### বাংলা

১৫৭২-[৫০] আবূ সা’ঈদ আল্ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা কোন রোগীকে দেখতে গেলে, তার জীবনের ব্যাপারে তাকে সান্ত্বনা যোগাবে। এ সান্ত্বনা যদিও তার তাকদীর পরিবর্তন করতে পারবে না, কিন্তু তার মন প্রশান্তি লাভ করবে। (তিরমিযী, ইবনু মাজাহ; ইমাম তিরমিযী বলেছেন, হাদীসটি গরীব।)[1]

### ফুটনোট

[1] খুবই দুর্বল : আত্ তিরমিযী ২০৮৭, ইবনু মাজাহ্ ১৪৩৮, শু‘আবুল ঈমান ৮৭৭৮, সিলসিলাহ্ আয্ য‘ঈফাহ্ ১৮৪। শায়খ আলবানী (রহঃ) বলেন, এর সানাদে মূসা বিন মুহাম্মাদ বিন ইব্রাহীম আত্ তায়মী রয়েছে যিনি মুনকারুল হাদীস হিসেবে আখ্যায়িত।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: তোমরা রোগীর নিকট গেলে তার বয়স বৃদ্ধির ব্যাপারে আশা ভরসা যোগাবে। মুল্লা ‘আলী ক্বারী বলেনঃ রোগীর সংশ্লিষ্ট চিন্তাকে দূরীভূত করবে এবং বলবে কোন সমস্যা নেই (আল্লাহর মেহেরবানীতে আরোগ্য লাভ করবে), ইনশাআল্লাহ এটা তোমার পবিত্রতার কারণ হবে। আল্লাহ তোমাকে দীর্ঘজীবি করুক আর তোমাকে সুস্থ করুক।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56132

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন